দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ৩ ... ৪

### আজ একাধিক কর্মসূচী

# জাবির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৪ দিনের অনুষ্ঠানমালা শুরু

জাবি সংবাদদাতা ॥ বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১২ জানুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৪ দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ৪ দিনব্যাপী অনুষ্ঠানমালার প্রথম দিনে মঙ্গলবার সকাল দশটায় বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচীর. উদ্বোধন করা হয়। উপাচার্য বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচীর উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান কর্তৃপক্ষ সংকীর্ণতা ও সীমাবদ্ধতা অতিক্রম করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে বিশ্বে মর্যাদাপূর্ণ বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠা করার চেষ্টা করছে। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. আবুল হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল খায়ের। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। উদ্বোধনী অনুষ্ঠানে প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী উপস্থিত ছিলেন। এদিকে, বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচীর অংশহিসেবে ১৩ জানুয়ারি বেলা তিনটায় সেলিম আল দীন মুক্তমঞ্চে পুতুল নাচ এবং বিকেল পাঁচটায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। ১৪ জানুয়ারি বেলা তিনটায় পিঠা মেলা এবং বিকেল পাঁচটায় নাটক মঞ্চায়ন করা হবে। ১৫ জানুয়ারি এ্যালামনাই ডে মিলন মেলা অনুষ্ঠিত হবে। এরপর সেলিম আল দীন মুক্তমঞ্চে স্মৃতিচারণ, প্রথম ব্যাচে ভর্তিকৃত শিক্ষার্থীদের সংবর্ধনা, ফানুস ওড়ানো, সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা এবং র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হবে।